

পর্যটন সম্প্রসারণে নতুন টার্মিনাল আবুধাবির

- A Monitor Desk Report

Date: 05 September, 2023



নতুন টার্মিনাল চালু করতে যাচ্ছে আবুধাবি আন্তর্জাতিক এয়ারপোর্ট। বহুল প্রতীক্ষিত এ মিডফিল্ড টার্মিনাল ভবন চলতি বছরের নভেম্বরের শুরুতে উদ্বোধন করা হবে। ব্যবসা-বাণিজ্যের বৈশ্বিক কেন্দ্র হিসেবে এটা আমিরাতের অবস্থানকে শক্তিশালী করবে।

রাষ্ট্রীয় মালিকানাধীন আবুধাবি বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, ‘টার্মিনাল এ’ নামে পরিচিত নতুন ভবনটি বছরে ৪ কোটি ৫০ লাখ যাত্রী ধারণ করতে পারবে। প্রতি ঘণ্টায় ১১ হাজার ভ্রমণকারী ও যেকোনো সময় ৭৯টি উড়োজাহাজ পরিচালনা করতে পারবে।

আবুধাবি বিমানবন্দরের চেয়ারম্যান শেখ মোহাম্মদ বিন হামাদ বলেছেন, ‘বিশ্বের প্রবেশদ্বার আবুধাবির নতুন টার্মিনাল এ আমিরাতের টেকসই অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।’ এটি বিশ্বের সবচেয়ে বড় ও শ্রেষ্ঠ টার্মিনাল দাবি করে তিনি বলেন, ‘আবুধাবির ৫৫ বছরের উড়োজাহাজ চলাচলের ইতিহাসে এক নতুন অধ্যায় হতে যাচ্ছে এ টার্মিনাল।

পর্যটন ও বাণিজ্য বাড়াতে এটি আমাদের আমিরাতের জন্য একটি গুরুত্বপূর্ণ চালক হবে।

৭ লাখ ৪২ হাজার বর্গ মিটার বিল্ট-আপ এলাকাজুড়ে বিস্তৃত টার্মিনাল এ বিশ্বের বৃহত্তম বিমানবন্দর টার্মিনালগুলোর একটি। এটি আবুধাবি আন্তর্জাতিক বিমানবন্দরের যাত্রী ও মালামাল পরিবহন সক্ষমতা ব্যাপক বাড়াবে। ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশনের (এলএটিএ) সর্বশেষ পরিসংখ্যান অনুসারে, জুনে বিশ্বব্যাপী যাত্রী ট্র্যাফিক প্রাক-কভিড স্তরের ৯৪ শতাংশ পুনরুদ্ধার হয়েছে।

আরও পড়ুন: [আবুধাবি বিমানবন্দরে যাত্রী পরিবহন উর্ধ্বমুখী](#)

আবুধাবি আন্তর্জাতিক বিমানবন্দরের যাত্রী ট্র্যাফিক বছরের প্রথম ছয় মাসে বার্ষিক ৬৭ শতাংশ বেড়েছে। এখানকার রুট নেটওয়ার্ক সম্প্রসারণ ও বহুরে বেশি এয়ারলাইন যুক্ত করায় যাত্রীসংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে বেড়েছে। জানুয়ারি থেকে জুন সময়ের মধ্যে বিমানবন্দরটি দিয়ে মোট ১ কোটি ২০ লাখ যাত্রী যাতায়াত করেছে, যা গত বছরের একই সময় ছিল ৬২ লাখের কিছু বেশি। আমিরাতের সংস্কৃতি ও পর্যটন বিভাগের

(ডিসিটি) সেক্রেটারি সাউদ আল হোসানি গত জুনে জানিয়েছিলেন, তারা পর্যটন খাতের অবদান ২০৩০ সালের মধ্যে মোট দেশজ উৎপাদনের ১২ শতাংশে উন্নীত করার পরিকল্পনা করেছে, যা চলতি বছর ৫ শতাংশ থেকে বেড়েছে।

জানুয়ারি থেকে জুন সময়ের মধ্যে বিমানবন্দরটি দিয়ে মোট ১ কোটি ২০ লাখ যাত্রী যাতায়াত করেছেন, যা গত বছরের একই সময়ে ছিল ৬২ লাখের কিছু বেশি। আমিরাতের সংস্কৃতি ও পর্যটন বিভাগের (ডিসিটি) সেক্রেটারি সাউদ আল হোসানি জুনে বলেছিলেন, তারা পর্যটন খাতের অবদান ২০৩০ সালের মধ্যে মোট দেশজ উৎপাদনের ১২ শতাংশে উন্নীত করার পরিকল্পনা করেছে, যা চলতি বছর ৫ শতাংশ থেকে বেড়েছে। ডিসিটি আবুধাবি জানিয়েছে, গত বছর ১ কোটি ৮০ লাখের বেশি পর্যটক এসেছিল। এ বছর ২ কোটি ৪০ লাখ দর্শনার্থী আকর্ষণ করার লক্ষ্য পূরণে তারা কাজ করছে।

-B